

136

৫

**আজ থেকে পলিটেকনিক
শিক্ষকদের কর্মবিরতি**

দশ, দফা, দাবী ও সুপারিশ
বাস্তবায়নের জন্য বাংলাদেশ
পলিটেকনিক শিক্ষক সমিতির আহ্বানে
আজ শনিবার থেকে দেশের সকল
পলিটেকনিক ইন্সটিটিউট এবং
পলিটেকনিক : পৃঃ ৮ কঃ ২

**পলিটেকনিক : শিক্ষকদের
কর্মবিরতি**

(১ম পাতার পর)

টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজের
শিক্ষক-শিক্ষিকাগণ কর্মবিরতি শুরু
করেছে। এই কর্মবিরতি আজ থেকে
১১ নভেম্বর প্রতিদিন সকাল ১০টা
থেকে দুপুর ১২টা পর্যন্ত চলবে।
কর্মবিরতির সময় শিক্ষক-শিক্ষিকারা
আন্দোলনের ব্যাচ পরিধান, পোস্টার
লাগানো এবং লিফলেট বিতরণ
করবেন।

আন্দোলনের দ্বিতীয় পর্যায়ে ১৭
নভেম্বর পূর্ণদিবস কর্মবিরতি ও সকল
পলিটেকনিকে সমাবেশ অনুষ্ঠিত হবে।

আন্দোলনের তৃতীয় ও চূড়ান্ত
পর্যায়ে ২৩ নভেম্বর থেকে দেশের
সকল পলিটেকনিক শিক্ষক-
শিক্ষিকাগণ অনিদিষ্টকালের জন্য
কর্মবিরতি এবং ঐ দিন ঢাকায়
কেন্দ্রীয়ভাবে মিছিল ও জাতীয়
প্রেসক্লাবের সামনে সমাবেশের
আয়োজন করবে। খবর সংবাদ
বিজ্ঞপ্তির।